

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৯. যে ব্যক্তি বলেন, ইলম হল আল্লাহর ভয় ও তারুওয়া

بَابُ مَنْ قَالَ: الْعِلْمُ: الْخَشْيَةُ وَتَقْوَى اللَّهِ

## আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ، عَنْ يَعْقُوبَ الْقُمِّيِّ، قَالَ: حَدَّتَنِي لَيْتُ بْنُ أَبِي سُلَيْمٍ، عَنْ يَحْيَى هُوَ ابْنُ عَبَّادٍ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِنَّ الْفَقِيهَ حَقَّ الْفَقِيهِ، مَنْ لَمْ هُوَ ابْنُ عَبَّادٍ، عَنْ حَوَّ الْفَقِيهِ، مَنْ لَمْ يُوَبِّصِ لَهُمْ فِي مَعَاصِي اللَّهِ، وَلَمْ يُوَمِّنْهُمْ مِنْ عَذَابِ لِللَّهِ، وَلَمْ يَدَعِ الْقُرْآنَ رَغْبَةً عنْهُ إِلَى غَيْرِهِ، إِنَّهُ لَا خَيْرَ فِي عِبَادَةٍ لَا عِلْمَ فِيهَا، وَلَا عِلْمٍ لَا فَهُمْ فِيهِ، وَلَا قِلَا عِلْمٍ لَا قَدُبُرُ فِيهَا

في هذا الإسناد علتان: الأولى: ضعف ليث بن أبي سليم والثانية: الانقطاع يحيى بن عباد بن شيبان لم يدرك عليا فيما نعلم

## বাংলা

৩০৫. ইবনু আব্বাদ আলী রাদ্মিল্লাহু আনহু হতে বর্ণনা করেন যে, আলী রাদ্মিল্লাহু আনহু বলেন: "নিশ্চয়ই প্রকৃত আলিম হলেন সেই আলিম যিনি লোকদেরকে আল্লাহর রহমত হতে নিরাশ করেন না এবং আল্লাহর অবাধ্যতার অনুমতিও লোকদেরকে দেন না; আর আল্লাহর আযাব হতে লোকদেরকে নির্ভীকও করেন না। আবার অন্য কোনো কিছুর আশায় কুরআনকে ছেড়ে দেন না। নিশ্চয়ই ইলমবিহীন (জ্ঞানহীন) ইবাদাতের মধ্যে কোন কল্যাণ নেই, আর উপলব্ধি বা অনুধাবন ব্যতীত কোন ইলম নেই এবং গভীর চিন্তাভাবনা ব্যতীত কুরআন তিলাওয়াত নেই (তেলাওয়াত করে কোন কল্যাণ অর্জন করা যাবে না)।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদে দু'টি ত্রুটি বিদ্যমান। ১. লাইছ ইবনু আবী সালীমের দুর্বলতা। ২. ইনকিতা' বা বিচ্ছিন্নতা। ইয়াহইয়া ইবনু ইবাদ ইবনু শাইবান আলী রাদিয়াল্লাহু আনহু এর সাক্ষাৎ লাভ করেননি, আমরা যতটা



জানতে পেরেছি। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: ইবনুদ দ্বরীস, ফাদ্বাইলুল কুরআন নং ৬৯; আবু খায়ছামা, আল ইলম নং ১৪৩; আবু নুয়াইম, হিলইয়া ১/৭৭; খতীব, ফাকিহ ওয়াল মুতাফাককিহ ২/১৬১; ইবনু আব্দুল বার তাঁর জামি' বায়ানিল ইলম গ্রন্থে ১৫১০ নং এ আলী রাদিয়াল্লাহু আনহু সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে এটি বর্ণনা করেছেন; এর সনদও যয়ীফ। দেখুন, আলবানী, যয়ীফাহ ২/১৬১ নং ৭৩৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন